



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-২০৩

তারিখঃ ১৬ ডিসেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

মহান বিজয় দিবসে আজ সকালে সাভারে জাতীয় স্মৃতিসৌধে জাতীয় মানবাধিকার কমিশনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি বিনয় শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সময় কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব ড. কামাল উদ্দিন আহমেদ, কমিশনের মাননীয় সার্বক্ষণিক সদস্য জনাব মোঃ সেলিম রেজা, সচিব (ভারপ্রাপ্ত) জনাব মোঃ আশরাফুল আলম ও সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ গণমাধ্যমকর্মীদের সাক্ষাৎকার প্রদানকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং দেশের স্বাধীনতার জন্য জীবন উৎসর্গকারী বীর সন্তানদের গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতায় স্মরণ করেন। তিনি বলেন, ‘আমাদের জন্মভূমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ নামক রাষ্ট্রটি প্রতিষ্ঠিত হয়েছে সুদীর্ঘ মানবাধিকার সংগ্রামের ফসল হিসেবে। মুক্তিযুদ্ধের চেতনা ও মানবাধিকারের মূলমন্ত্র একই সুরে গাঁথা। ১৯৭২ সালে আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রণীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে পুরোটা জুড়েই মানবাধিকার ধারণার প্রতিফলন ঘটেছে। পাশাপাশি, আমাদের স্বাধীনতার ঘোষণাপত্রে খুব সুনির্দিষ্টভাবে জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের কথা উল্লেখ রয়েছে’।

তিনি আরো বলেন, ‘আমরা উন্নয়ন ও অগ্রযাত্রায় রয়েছি। সামনে আমাদের নির্বাচন রয়েছে। এই নির্বাচন প্রক্রিয়ায়, আমি প্রত্যাশা করি, এই অর্জনকে ধরে রাখার জন্য অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হবে। বাংলার মানুষ গণতান্ত্রিক এই দেশে সুন্দরভাবে বেঁচে থাকবে এবং গর্বের বাংলাদেশে আমরা বসবাস করতে থাকবো। আমাদের এই দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে সারা বিশ্বের মধ্যে, সেভাবেই আমাদের উন্নয়নকে অব্যাহত রেখে, গণতান্ত্রিক নেতৃত্বের মাধ্যমেই দেশ চলবে এই প্রত্যাশা করি’।

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন

